



স্মারক নং- ৩১.৪০.৪৪৮০.৫৪৩.০৪.০০২.২৩- ১০৭ ৫(৪)

তারিখ : ১৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ


গণবিজ্ঞপ্তি

বিষয় : অর্পিত সম্পত্তির ইজারার অর্থ (লীজমানি) পরিশোধ সংক্রান্ত।

এতদ্বারা মোহনপুর উপজেলার 'ক' তফশীলভুক্ত অর্পিত সম্পত্তির ইজারা গ্রহীতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিবছর যথাসময়ে অর্পিত সম্পত্তির ইজারার অর্থ পরিশোধ করে ইজারা নবায়ন করার বিধান রয়েছে। যে সকল ইজারা গ্রহীতাদের ইজারার অর্থ ০১ (এক) বছর বা তার অধিক বকেয়া রয়েছে তাদেরকে বকেয়াসহ হাল সন পর্যন্ত ইজারার অর্থ পরিশোধ পূর্বক ইজারা নবায়নের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ইজারার অর্থ পরিশোধে ব্যর্থ হলে বা গ্রহীতা কোনরূপ শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল করা হবে যার ফলশ্রুতিতে উক্ত অর্পিত সম্পত্তিতে আপনি/আপনাদের দখল স্বত্ব বা উহা ধরে রাখার অধিকার হারাবেন। এছাড়াও অর্পিত সম্পত্তির যথাযথ সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আপনি/আপনাদেরকে উক্ত সরকারি ভূমি হতে উচ্ছেদপূর্বক সংশ্লিষ্ট ভূমি সরকারের দখলে আনয়নসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারী করা হলো।


২৯.১০.২৩

(মিথিলা দাস)

সহকারী কমিশনার (ভূমি)

পরিচিতি নম্বর- ১৮৪৪৩

মোহনপুর, রাজশাহী

ফোন- ০৭২২৬-৫৬০২৩

(e-mail: aclandmohonpur@gmail.com)

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী।
- ৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা
..... ইউনিয়ন ভূমি অফিস, মোহনপুর, রাজশাহী (গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা দেয়া হলো)
- ৪। অফিস কপি।